গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নির্বাহী পরিচালক, জেডিপিসি

এবং

সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয় এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

**জুলাই ১, ২০১৮ - জুন ৩০, ২০১৯**

# সূচিপত্র

**উপক্রমনিকা** (Preamble)

জেডিপিসি'র কর্মসম্পাদনের সার্বিক চিত্র

সেকশন ১: জেডিপিসি'র রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

সেকশন ২: জেডিপিসি'র বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/ প্রভাব (Outcome/Impact)

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms)

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা

## জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসির) কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of JDPC)
**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

### ☐ বিগত তিন বছরের প্রধান অর্জনসমূহ ঃ

জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি) বহুমুখী পাটপণ্য উৎপাদন, ব্যবহার, অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক বাজার সম্প্রসারণ ও মানবসম্পদ উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। বিগত ০৩ (তিন) বছরে জেডিপিসি বহুমুখী পাটপণ্য উৎপাদনকারী উদ্যোক্তাদের দক্ষতা অর্জনের জন্য ১৬৮০ জনকে প্রশিক্ষণ প্রদান করেছে। বহুমুখী পাটপণ্যের প্রচার, প্রসার ও ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে ২১ টি সচেতনতা কর্মশালা, ১৩ টি ক্রেতা- বিক্রেতা সম্মেলন, ৪৮ টি একক ও যৌথ মেলার আয়োজন করেছে । বহুমুখী পাটপণ্যের সকল সেবাকে উদ্যোক্তাদের কাছে সহজে পৌঁছানোর জন্য জামালপুরে ০১ টি জুট এন্ট্রপ্রেনিয়র সার্ভিস সেন্টার (জেইএসসি) স্থাপন করেছে। বহুমুখী পাটপণ্য খাতে নতুন ১১৫ ধরনের বহুমুখী পাটপণ্য তৈরী ও ২১০ জন উদ্যোক্তা তৈরী হয়েছে। দেশী ও বিদেশী ক্রেতাগণ যাতে একটি কেন্দ্র থেকে পছন্দমত বহুমুখী পাটপণ্য ক্রয় করতে পারে সে লক্ষ্যে একটি আন্তর্জাতিক মানের প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্র চালু করা হয়েছে। Jute Geo-textiles প্রকল্পের আওতায় রাস্তার ক্ষয়রোধ, নদ-নদীর পাড় ভাঙ্গণ ও পাহাড় ধ্বস রোধে ১৪ টি ফিল্ড ট্রায়াল সফলভাবে সম্পন্নের মাধ্যমে প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহার্য Jute Geo-textiles এর মান নির্ধারণ হয়েছে। পর্যটকদের দৃষ্টি আকর্ষনের জন্য বিমান বন্দরের ডিউটি ফ্রি শপের মাধ্যমে বহুমুখী পাটপণ্য বিক্রয়ের ব্যবস্থা করা হয়েছে। পাট ও বহুমুখী পাটপণ্য সংশ্লিষ্ট তথ্য সংগ্রহ ও সরবারাহের জন্য একটি লাইব্রেরী স্থাপন করা হয়েছে।

### ☐ সমস্যা ও চ্যালেঞ্জসমূহ ঃ

জেডিপিসিকে স্থায়ী কাঠামোতে প্রতিষ্ঠাকরণ; মানসম্পন্ন বহুমুখী পাটপণ্য উৎপাদনে প্রয়োজনীয় দক্ষ জনবল ও প্রযুক্তিগত জ্ঞানের অভাব; ডিজাইন উন্নয়ন ও গবেষণার জন্য প্রয়োজনীয় জনবলের অপ্রতুলতা; ফেব্রিক্স উৎপাদনে আধুনিকমানের লুম ও ডাইং ও ল্যামিনেইশন ফ্যাক্টরীর অভাব; বহুমুখী পাটপণ্যের স্থানীয় ও আন্তর্জাতিক বাজার সম্প্রসারণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ; জেডিপিসির সকল কার্যক্রমকে ডিজিটালাইজডকরণ।

### ☐ ভবিষ্যৎ পরিকল্পনা ঃ

বহুমুখী পাটপণ্যের স্থানীয় ও আন্তর্জাতিক বাজার সম্প্রসারণের লক্ষ্যে Need Based কর্মপরিকল্পনা প্রণয়ন; উন্নতমানের কাঁচামাল সরবরাহের লক্ষ্যে আধুনিকমানের ডাইং ও ল্যামিনেইশন ফ্যাক্টরী স্থাপন; বহুমুখী পাটপণ্যের গবেষণার জন্য জেডিপিসিতে ল্যাব প্রতিষ্ঠাকরণ; ডিজাইন সাপোর্ট সেন্টার স্থাপন। প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রটিকে ৩৬০ ডিগ্রি অনলাইন শপিং পদ্ধতিতে উন্নীতকরণ; ই-মার্কেটিং চালুকরণ ।

### ☐ ২০১৮-১৯ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ ঃ

- ❖ উদ্যোক্তাদের দক্ষতা উন্নয়নের জন্য ২৭০ জন উদ্যোক্তাকে প্রশিক্ষণ প্রদান।
- ❖ বহুমুখী পাটপণ্যের প্রচার, প্রসার ও ব্যবহার বৃদ্ধির জন্য ০৮ টি সচেতনতা/ উদ্বুদ্ধকরণ কর্মশালা আয়োজন।
- ❖ বহুমুখী পাটপণ্যের স্থানীয় ও আন্তর্জাতিক বাজার সম্প্রসারণের জন্য ০৫ টি একক মেলা, ০৬ টি যৌথ মেলা ও ০৫ টি ক্রেতা বিক্রেতা সম্মেলন আয়োজন।
- ❖ বহুমুখী পাটপণ্য উৎপাদনে উদ্যোক্তাদের চাহিদা অনুযায়ী ৭০,৯৬০ মিটার কাঁচামাল সরবরাহ করা।
- ❖ যুগোপযোগী ও নিত্যনতুন ডিজাইন উন্নয়নের জন্য ০৪ টি ডিজাইন ওয়ার্কশপ আয়োজন।

**উপক্রমনিকা (Preamble)**

সরকারি দপ্তর/ সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প, ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে

নির্বাহী পরিচালক, জেডিপিসি

এবং

সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মধ্যে

২০১৮ সালের জুন মাসের ২০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেনঃ

**সেকশন-১ ঃ জেডিপিসি'র রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objective) এবং কার্যাবলি (Function)**

**১.১. রূপকল্প (Vision)** ঃ পাটের ব্যবহার সম্প্রসারণে পাটপণ্যের বহুমুখীকরণ।

**১.২. অভিলক্ষ্য (Mission)** ঃ বহুমুখী পাটপণ্য উৎপাদনে নতুন উদ্যোক্তা তৈরি, নতুন ডিজাইন ও লাগসই প্রযুক্তি উদ্ভাবন এবং বাজারজাতকরণ কৌশল উন্নয়নের মাধ্যমে বহুমুখী পাটপণ্যের ব্যবহার সম্প্রসারণ।

**১.৩. কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)** ঃ

**১.৩.১. জেডিপিসির কৌশলগত উদ্দেশ্যসমূহ-**

১.৩.১.১. বহুমুখী পাটপণ্য উৎপাদনকারী উদ্যোক্তাদের দক্ষতা উন্নয়ন;

১.৩.১.২. বহুমুখী পাটপণ্যের প্রচার প্রসার ও ব্যবহার সহযোগিতা জোরদারকরণ;

১.৩.১.৩. বহুমুখী পাটপণ্যের স্থানীয় ও আন্তর্জাতিক বাজার সম্প্রসারণে সহযোগিতা জোরদারকরণ।

**১.৩.২. জেডিপিসির আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ (Mandatory Strategic objective)**

১.৩.২.১. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ;

১.৩.২.২. কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন;

১.৩.২.৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন;

১.৩.২.৪. জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ ।

**১.৪. কার্যাবলী (Functions)** ঃ

১.৪.১. বহুমুখী পাটশিল্পে উদ্যোক্তা উন্নয়নের লক্ষ্যে বেসরকারী উদ্যোক্তাদেরকে প্রশিক্ষণ প্রদান;

১.৪.২. বহুমুখী পাটপণ্যের অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক বাজার সম্প্রসারণের লক্ষ্যে বিভিন্ন মেলা, ক্রেতা- বিক্রেতা সম্মেলন আয়োজন;

১.৪.৩. জুট ডাইভারসিফাইড প্রডাক্ট উপযোগী ডিজাইন উন্নয়নে গবেষণার জন্য Research & Development Institution এর গবেষণাকারীদের সহায়তায় ডিজাইন উন্নয়ণ করে তা বাণিজ্যিকিকরণের ব্যবস্থা গ্রহণ;

১.৪.৪. বহুমুখী পাটপণ্যের প্রচার, প্রসার ও ব্যবহার বৃদ্ধির জন্য সচেতনতা কর্মশালা/উদ্বুদ্ধকরণ কর্মশালার আয়োজন;

১.৪.৫. উদ্যোক্তাদের সহজ ও সুলভমূল্যে কাঁচামাল প্রাপ্তিতে সহায়তা প্রদান;

১.৪.৬. উদ্যোক্তাদের জন্য নিত্য নতুন ডিজাইন উন্নয়ন ।

**সেকশন-২ ঃ জেডিপিসির আউটকাম (Outcome/ Impact)**

| চূড়ান্ত ফলাফল/প্রভাব **(Outcome/Impact)** | কর্মসম্পাদন সূচকসমূহ **(Performance Indicators)** | একক **(Unit)** | **প্রকৃত** | | **লক্ষ্যমাত্রা ২০১৮-১৯** | **প্রক্ষেপণ (Projections)** | | **মন্ত্রণালয়/বিভাগের নির্ধারিত চূড়ান্ত ফলাফল (Outcome) অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম** | **উপাত্তসূত্র (Source(s) of Data)** |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | | **২০১৯-২০** | **২০২০-২১** | | |
| বহুমুখী পাটপণ্য উৎপাদনে অবদান | বহুমুখী পাটপণ্য উৎপাদনে সহায়তা | % | - | - | ৬১% | ৬২% | ৬৩% | বিজেএমসি, বিসিক । | জেডিপিসি ও জেইএসসির মাসিক প্রতিবেদন |

## সেকশন-৩ ঃ কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/ নির্ণায়ক ২০১৮-১৯ (Target /Criteria Value for FY 2018-19) | | | | | প্রক্ষেপন (Projection) ২০১৯-২০ | প্রক্ষেপন (Projection) ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| ০১. বহুমুখী পাটপণ্য উৎপাদনকারী উদ্যোক্তাদের দক্ষতা উন্নয়ন | ১৫.০০ | ১.১. উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ | ১.১.১ প্রদত্ত প্রশিক্ষণ | সংখ্যা | ১৫.০০ | ২৫০ | ২৬০ | ২৭০ | ২৬৫ | ২৬০ | ২৫৫ | ২৫০ | ২৮০ | ২৯০ |
| ০২. বহুমুখী পাটপণ্যের প্রচার প্রসার ও ব্যবহার সহযোগিতা জোরদারকরণ | ২৫.০০ | ২.১ সচেতনতা মূলক/উদ্বুদ্ধকরণ কর্মশালা | ২.১.১ আয়োজিত কর্মশালা | সংখ্যা | ১০.০০ | ৮ | ৭ | ৮ | ৭ | ৬ | ৫ | ৪ | ৯ | ১০ |
| | | ২.২ ক্রেতা-বিক্রেতা সম্মেলন আয়োজন | ২.২.১ আয়োজিত ক্রেতা-বিক্রেতা সম্মেলন | সংখ্যা | ১০.০০ | ৫ | ৬ | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ৬ | ৭ |
| | | ২.৩ উদ্যোক্তাদের সম্মাননা প্রদান (অ্যাওয়ার্ড প্রদান) | ২.৩.১ প্রদত্ত সম্মাননা | তারিখ | ৫.০০ | ১১ মার্চ ২০১৭ | ২৭ মার্চ ,২০১৮ | ১০ মে ২০১৯ | ১৫ মে, ২০১৯ | ৩০মে, ২০১৯ | ১০ জুন, ২০১৯ | ২০ জুন, ২০১৯ | ২০ মে ২০২০ | ২৮ মে ২০২১ |
| ০৩.বহুমুখী পাটপণ্যের স্থানীয় ও আন্তর্জাতিক বাজার সম্প্রসারণে সহযোগিতা জোরদারকরণ | ৩৫.০০ | ৩.১ বহুমুখী পাটপণ্য মেলা আয়োজন | ১.১.১ আয়োজিত মেলা | সংখ্যা | ১০.০০ | ৬ | ১০ | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ৬ | ৭ |
| | | ৩.২ বহুমুখী পাটপণ্য মেলায় অংশগ্রহণ | ১.২.১ আয়োজিত মেলা | সংখ্যা | ১০.০০ | ৪ | ৮ | ৬ | ৫ | ৪ | ৩ | ২ | ৭ | ৮ |
| | | ৩.৩ ডিজাইন উন্নয়ন ওয়ার্কশপ | ১.৩.১ আয়োজিত ওয়ার্কশপ | সংখ্যা | ৫.০০ | - | - | ৪ | ৩ | ২ | ১ | - | ৫ | ৬ |
| | | ৩.৪ কাঁচামাল সরবরাহ | ১.৪.১ সরবরাহকৃত কাঁচামাল | পরিমান(মিটার) | ১০.০০ | ৬১,২০০ | ৬৫,৯৬০ | ৭০,৯৬০ | ৬৩,৫০০ | ৬২,২০০ | ৬১,১০০ | ৬০,৭৩০ | ৭২,৩৬৫ | ৭৩,৩৮০ |

# জেডিপিসির আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

## (মোট নম্বর - ২৫)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রার মান -২০১৮-১৯ | | | | |
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight ofPI) | অসাধারণ (Excellent) ১০০% | অতি উত্তম (Very Good) ৯০% | উত্তম (Good) ৮০% | চলতি মান (Fair) ৭০% | চলতিমানের নিম্নে (Poor) ৬০% |
| বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | মাঠ পর্যায়ের কার্যালয়ের সঙ্গে ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর ও ওয়েবসাইটে আপলোড | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ০.৫ | ২০ জুন, ২০১৮ | ২১ জুন, ২০১৮ | ২৪ জুন , ২০১৮ | - | - |
| | | ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে দাখিল | মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ০.৫ | ১৭ জানুয়ারী, ২০১৯ | ২০ জানুয়ারী, ২০১৯ | ২১ জানুয়ারী, ২০১৯ | ২২ জানুয়ারী, ২০১৯ | ২৩ জানুয়ারী, ২০১৯ |
| | | মাঠ পর্যায়ের কার্যালয়ের ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনান্তে ফলাবর্তক (Feedback) মন্ত্রণালয়/বিভাগে দাখিল | ফলাবর্তক (Feedback) প্রদত্ত | তারিখ | ১ | ২৪ জানুয়ারী, ২০১৯ | ৩১ জানুয়ারী, ২০১৯ | ০৪ ফেব্রুয়ারী, ২০১৯ | ০৮ ফেব্রুয়ারী, ২০১৯ | ১১ ফেব্রুয়ারী, ২০১৯ |
| | | সরকারী কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতিসহ অন্যান্য বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | আয়োজিত প্রশিক্ষণের সময় | জন ঘন্টা * | ১ | ৬০ | - | - | - | - |
| কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ১০ | ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | ফ্রন্ট ডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোডকৃত | % | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫৫ | ৫০ |
| | | | ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত ** | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | | ই-ফাইলে পত্র জারীকৃত *** | % | ১ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ |
| | | দপ্তর/সংস্থা কর্তৃক অনলাইন সেবা চালু করা | ন্যূনতম একটি নতুন ই-সার্ভিস চালুকৃত | তারিখ | ১ | ১০ জানুয়ারী, ২০১৯ | ২৪ জানুয়ারী, ২০১৯ | ২৮ জানুয়ারী, ২০১৯ | ৩১ মার্চ, ২০১৯ | ৩০ এপ্রিল, ২০১৯ |
| | | দপ্তর/সংস্থা ও অধীনস্থ কার্যালয় সমূহের উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) বাস্তবায়ন | সম্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) সমূহের হালনাগাদকৃত ডাটাবেইজ ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারী, ২০১৯ | ১১ ফেব্রুয়ারী, ২০১৯ | ১৮ফেব্রুয়ারী, ২০১৯ | ২৫ফেব্রুয়ারী, ২০১৯ | ০৪ মার্চ, ২০১৯ |
| | | | ডাটাবেইজ অনুযায়ী ন্যূনতম দুটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | তারিখ | ১ | ০৮ এপ্রিল, ২০১৯ | ২২এপ্রিল, ২০১৯ | ০২ মে, ২০১৯ | ১৬ মে, ২০১৯ | ৩০ মে, ২০১৯ |
| | | সিটিজেনস চার্টার বাস্তবায়ন | হালনাগাদকৃত সিটিজেনস চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ০.৫ | ৩১ ডিস্বের, ২০১৮ | ১৫ জানুয়ারী, ২০১৯ | ০৭ ফেব্রুয়ারী, ২০১৯ | ১৭ফেব্রুয়ারী, ২০১৯ | ২৮ ফেব্রুয়ারী, ২০১৯ |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তিকৃত | % | ০.৫ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ | ৫০ |
| | | পিআরএল শুরুর ২মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারী করা | পিআরএল আদেশ জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | ছুটি নগদায়নপত্র জারীকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | ত্রিপক্ষীয় সভায় অডিট আপত্তি নিষ্পত্তির জন্য সুপারিশকৃত | % | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | | অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৯ | স্থাবর/অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ফেব্রুয়ারি; ২০১৯ | ১৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৫ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৪ মার্চ, ২০১৯ |
| | | | অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ফেব্রুয়ারি; ২০১৯ | ১৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৫ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৪ মার্চ, ২০১৯ |
| | | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত | % | ১ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | অব্যবহৃত/অকেজো যানবাহন বিদ্যমান নীতিমালা অনুযায়ী নিষ্পত্তিকরণ | নিষ্পত্তিকৃত | তারিখ | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ |
| | | বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করা | বিদ্যুৎ বিল পরিশোধিত | % | ১ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান | নিয়োগ প্রদানকৃত | সংখ্যা | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | ৪০ |
| | | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো বাস্তবায়ন **** | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | - | - | - |
| | | | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোয় অন্তর্ভুক্ত লক্ষ্যমাত্রা বাস্তবায়িত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | সকল অনলাইন সেবা তথ্য বাতায়নে সংযোজিত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | তথ্য্য বাতায়ন হালনাগাদকৃত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | দপ্তর/সংস্থার ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ | বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫ | ১৮ অক্টোবর, ২০১৮ | ৩১অক্টোবর, ২০১৮ | ১৫ নভেম্বর, ২০১৮ | ২৯ নভেম্বর, ২০১৮ | ০৬ ডিসেম্বর, ২০১৮ |

আমি, নির্বাহী পরিচালক, জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি),গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের প্রতিনিধি  সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয় এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, বস্ত্র ও পাট মন্ত্রণালয় এর প্রতিনিধি  হিসেবে নির্বাহী পরিচালক, জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি) এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| ------------------------------------------- | ২০/৬/২০২৫ |
| নির্বাহী পরিচালক<br>জেডিপিসি | তারিখ |
| ------------------------------------------- | ২০/০৬/২০২৫ |
| সচিব<br>বস্ত্র ও পাটমন্ত্রণালয়। | তারিখ |

সংযোজনী-১

# শব্দসংক্ষেপ (Acronyms)

| | |
|---|---|
| জেডিপিসি | জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার |
| জেইএসসি | জুট এন্ট্রপ্রেনিয়র সার্ভিস সেন্টার |
| আরএমবি | র-মেটিরিয়াল ব্যাংক (কাঁচামাল ব্যাংক) |
| বিজেএমসি | বাংলাদেশ জুট মিলস করপোরেশন |
| SIP | ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প |
| বিজেএসএ | বাংলাদেশ জুট স্পিনার এ্যাসোসিয়েশন |
| বিজেআরআই | বাংলাদেশ পাট গবেষণা ইনষ্টিটিউট |

সংযোজনী-২

## কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতির বিবরণ

| ক্রমিক নম্বর | কর্মসম্পাদন সূচক | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১. | ১.১ বহুমুখী পাটপণ্য উৎপাদনকারী উদ্যোক্তাদের দক্ষতা উন্নয়ন | ১.১.১ উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ | জেডিপিসি'র নিয়মিত কার্যক্রমের মধ্যে প্রক্ষিক্ষণ অন্যতম। জেডিপিসি দেশের বিভিন্ন জেলায় বহুমুখী পাটপণ্য উৎপাদন এবং বাজারজাতকরণের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করছে এবং এর মাধ্যমে উদ্যোক্তা সৃষ্টিসহ মানবসম্পদ উন্নয়ন ও কর্মসংস্থান সৃষ্টিতে ভূমিকা রাখছে। জেডিপিসি ও জেইএসসি'র অধীনে সারা দেশে ৭ টি ক্যাটাগরীতে প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রতিটি প্রশিক্ষণ কোর্সে কমপেক্ষে ২০ জন উদ্যোক্তা অংশগ্রহণ করে থাকে। | জেইএসসি ও জেডিপিসি | জেইএসসির মাসিক, ত্রৈমাসিক প্রতিবেদন ও পরিদর্শন প্রতিবেদন এবং বার্ষিক প্রতিবেদন জেডিপিসি | |
| ০২. | ২.১. বহুমুখী পাটপণ্যের প্রচার প্রসার ও ব্যবহার সহযোগিতা জোরদারকরণ | ২.১.১ আয়োজিত সচেতনতামুলক/ উদ্ধুদ্ধকরণ কর্মশালা | বহুমুখী পাটপণ্য খাতে বিনিয়োগ বৃদ্ধির জন্য সম্ভাব্য বিনিয়োগকারীদের নিয়ে সেমিনারের আয়োজন করা হয়। এখানে বহুমুখী পাটপণ্য উৎপাদন বিপণন ও ব্যবহার সম্পর্কে জনগণ সচেতন করা হয় এবং বহুমুখী পাটপণ্য খাতে বিনিয়োগ করতে উদ্ধুদ্ধ করা হয়। | জেডিপিসি | জেইএসসির মাসিক, ত্রৈমাসিক প্রতিবেদন ও পরিদর্শন প্রতিবেদন এবং বার্ষিক প্রতিবেদন জেডিপিসি | |
| | | ২.১.২ আয়োজিত ক্রেতা- বিক্রেতা সম্মেলন | বহুমুখী পাটপণ্যের বাজার সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন বিভাগীয়/ জেলা শহরে ক্রেতা-বিক্রেতা সম্মেলনের আয়োজন করা হয়। যেখানে উদ্যোক্তাগণ ক্রেতাদের আকৃষ্ট করার জন্য তাদের উৎপাদিত মানসম্পন্ন পণ্য প্রদর্শন করে । ক্রেতা ও বিক্রেতাগণ ফেস টু ফেস পাটপণ্যের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করার সুয়োগ পায়। ফলে পাট পণ্যের বিপণন বৃদ্ধি পায় এবং বাজার সম্প্রসারণ হয়। | জেডিপিসি | জেইএসসির মাসিক, ত্রৈমাসিক প্রতিবেদন ও পরিদর্শন প্রতিবেদন এবং বার্ষিক প্রতিবেদন জেডিপিসি | |
| | | ২.১.৩ আয়োজিত সম্মাননা প্রদান অনুষ্ঠান | মানসম্পন্ন যুগোপযোগী বহুমুখী পাটপণ্য উৎপাদনে প্রতিযোগিতা সৃষ্টি লক্ষ্যে অ্যাওয়ার্ড প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হয়। এ অনুষ্ঠানের মাধ্যমে যুগোপযোগী, আধুনিক ও বাজারের চাহিদা অনুযায়ী বহুমুখী পাটপণ্য উৎপাদনে প্রতিযোগিতা সৃষ্টি হয়। ফলে উদ্যোক্তাগণ উন্নতমানের বহুমুখী পাটপণ্য উৎপাদনে আগ্রহী হয়। | জেডিপিসি | জেইএসসির মাসিক, ত্রৈমাসিক প্রতিবেদন ও পরিদর্শন প্রতিবেদন এবং বার্ষিক প্রতিবেদন জেডিপিসি | |

| ক্রমিক নম্বর | কর্মসম্পাদন সূচক | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | ৩.১. বহুমুখী পাটপণ্যের স্থানীয় ও আন্তর্জাতিক বাজার সম্প্রসারণে সহযোগিতা জোরদারকরণ; | ৩.১.১ মেলা আয়োজন | বহুমুখী পাটপণ্যের স্থানীয় বাজার সৃষ্টির লক্ষ্যে পাটপণ্যের মেলা আয়োজন করা হয়। সেখানে উদ্যোক্তাগণ ক্রেতাদের আকৃষ্ট করার জন্য তাদের উৎপাদিত মানসম্পন্ন পণ্য প্রদর্শন করে। মেলায় প্রদর্শিত বহুমুখী পাটপণ্য দেখে মানুষের সচেতনতা বৃদ্ধি পায় এবং ব্যবহারে উদ্বুদ্ধ হয়। ফলে বহুমুখী পাটপণ্যের স্থানীয় বাজার বিস্তৃত হয়। | জেডিপিসি | জেইএসসির মাসিক, ত্রৈমাসিক প্রতিবেদন ও পরিদর্শন প্রতিবেদন এবং বার্ষিক প্রতিবেদন জেডিপিসি | |
| | | ৩.১.২ মেলায় অংশগ্রহণ | বহুমুখী পাটপণ্যের স্থানীয় ও আন্তর্জাতিক বাজার সৃষ্টির লক্ষ্যে যৌথভাবে দেশে ও বিদেশে পাটপণ্যের মেলায় অংশগ্রহণ করা হয়। সেখানে উদ্যোক্তাগণ ক্রেতাদের আকৃষ্ট করার জন্য তাদের উৎপাদিত মানসম্পন্ন পণ্য প্রদর্শন করে। মেলায় প্রদর্শিত বহুমুখী পাটপণ্য দেখে মানুষের সচেতনতা বৃদ্ধি পায় এবং ব্যবহারে উদ্বুদ্ধ হয়। ফলে বহুমুখী পাটপণ্যের স্থানীয় ও আন্তর্জাতিক বাজার বিস্তৃত হয়। | | | |
| | | ৩.৩.১ ডিজাইন উন্নয়ন ওয়ার্কশপ | জেডিপিসি ডিজাইন উন্নয়নে বিভিন্ন ধরনের ওয়ার্কশপ আয়োজন করে থাকে। এসব ওয়ার্কশপের মাধ্যমে যুগোপযোগী নিত্য নতুন ডিজাইন তৈরী হয় এবং উদ্যোক্তাদেরকে তা সরবরাহ করা হয়। ফলে উদ্যোক্তারা প্রতিযোগিতামুলক মার্কেট থেকে নিত্য নতুন অর্ডার পায়। | | | |
| | | ৩.৪.১ কাঁচামাল সরবরাহ | ক্ষুদ্র উদ্যোক্তাগণ প্রয়োজন অনুসারে সময়মত ন্যয্যমূল্যে কাঁচামাল পায় না বিধায় তাদের উৎপাদন বাধাগ্রস্থ হয় এবং অনেক ক্ষেত্রে উৎপাদন খরচ তুলনামূলক বেশি পড়ে। এ অবস্থার উন্নয়নের জন্য দুইটি কাঁচামাল ব্যাংক স্থাপণ করা হয়। বহুমুখী পাটপণ্য উৎপাদনের যাবতীয় কাঁচামাল এ কেন্দ্র থেকে সুলভমূল্যে পাওয়া যায়। কাঁচামাল ব্যাংক দুইটি ঢাকা ও রংপুরে অবস্থিত। | | | |

সংযোজনী-৩

## কর্মসম্পাদনের লক্ষ্যে অন্য মন্ত্রণালয় বিভাগের নিকট/সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| **সংস্থার ধরণ** | **সংস্থার নাম** | **সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক** | **উক্ত সংস্থার নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগের চাহিদা** | **চাহিদা/ প্রত্যাশার যৌক্তিকতা** | **উক্ত সংস্থার নিকট চাহিদার মাত্রা উল্লেখ করুন** | **প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব** |
|---|---|---|---|---|---|---|
| মন্ত্রণালয়/বিভাগ | জনপ্রশাসন মন্ত্রণালয়/ বিজেআরআই | ১.১.১ আয়োজিত প্রশিক্ষণ | প্রশিক্ষণ আয়োজনে সহযোগিতা | আয়োজনে সহযোগিতা | ২০% | প্রশিক্ষণ আয়োজনে বিলম্ব হতে পারে |
| মন্ত্রণালয়/বিভাগ/স্বায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠান | জনপ্রশাসন মন্ত্রণালয়/ইপিবি/ বানিজ্য মন্ত্রণালয় | ৩.১.১আয়োজিত মেলা | মেলা আয়োজনে সহযোগিতা | মেলা আয়োজনে সহযোগিতা | ৩০% | কাংখিত লক্ষ্য অর্জন বাধাগ্রস্ত হবে। |
| মন্ত্রণালয়/বিভাগ | বাংলাদেশ জুট মিলস করপোরেশন (বিজেএমসি), বিজেএসএ | ৩.৪.১ সরবরাহকৃত কাঁচামাল | কাঁচামাল সরবরাহে সহযোগিতা | জুট ফেব্রিক্স ও জুট সুতা সরবরাহ | ৩৫% | উদ্যোক্তাদের কাঁচামাল পেতে সমস্যা হবে । |